জয়পুরহাট জেলা সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির জুন-২০১৯ মাসের সভার কার্যবিবরণী

সভাপতিঃ মোহাম্মদ জাকির হোসেন
জেলা প্রশাসক
জয়পুরহাট

স্থানঃ জেলা প্রশাসকের সম্মেলন কক্ষ, জয়পুরহাট

তারিখঃ ০৯/০৬/২০১৯ খ্রি., সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকা পরিশিষ্ট ''ক'' ও ''খ'' দ্রষ্টব্য

উপস্থিত সকলকে পবিত্র ঈদ-উল-ফিতরের শুভেচ্ছা জানিয়ে সভা শুরু করা হয়। শুরুতে সংশ্লিষ্ট সকলের সার্বিক সহযোগিতা এবং আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর তৎপরতায় কোনপ্রকার অপ্রীতিকর ঘটনা ছাড়া পবিত্র ঈদ-উল-ফিতর যথাযোগ্য মর্যাদা ও আনন্দ উদ্দীপনার মধ্য দিয়ে উদ্‌যাপিত হওয়ায় সংশ্লিষ্ট সকলকে আন্তরিকভাবে ধন্যবাদ জানানো হয়। অতঃপর গত সভার কার্যবিবরণী পাঠ করা হয় এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়।

এ পর্যায়ে সন্ত্রাস ও নাশকতা বিষয়ে উন্মুক্ত আলোচনায় জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়। কোথাও কোন সন্ত্রাসী বা নাশকতামূলক কার্যক্রম সংঘটিত হয়নি।

আলোচনায় অংশ নিয়ে উপ-পরিচালক, এনএসআই বলেন, আক্কেলপুর উপজেলার রোয়ার গ্রামবাসীগণ পবিত্র ঈদ-উল-ফিতরের নামাজ একদিন পর আদায় করেছেন। বিষয়টির সাথে কোন জঙ্গি সংশ্লিষ্টতা আছে কিনা তা ভালভাবে ক্ষতিয়ে দেখা প্রয়োজন। উপজেলা পরিষদ চেয়ারম্যান, আক্কেলপুর এবং মেয়র, আক্কেলপুর পৌরসভা এ বিষয়ে বলেন, ঐ গ্রামের বাসিন্দাগণ চাঁদ দেখে ঈদের নামাজ আদায় করেন। তাই চাঁদ দেখার পর একদিন পরে গ্রামের প্রায় ১৫০ জন পবিত্র ঈদ-উল-ফিতরের নামাজ আদায় করেছেন। এ বিষয়ে অধ্যক্ষ ওয়াজেদ আলী (অবঃ) বলেন, তাদের এ বিষয়টিতে বেশি গুরুত্ব না দিয়ে তারা কোন জঙ্গি তৎপরতার সাথে জড়িত কিনা সে বিষয়ে প্রয়োজনীয় নজরদারি করা যেতে পারে। দেশ ডিজিটাল হওয়ায় এ বিষয়ে সংশ্লিষ্ট গ্রামবাসীগণকে জনপ্রতিনিধিদের মাধ্যমে মোটিভেট করতে হবে।

জঙ্গিবাদ, সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধসহ জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখতে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নজরদারি ও টহল অব্যাহত রাখার পাশাপাশি প্রয়োজনীয় সকল ধরণের সতর্কতা অবলম্বন ও প্রতিরোধ মূলক কার্যক্রম অব্যাহত রাখার অনুরোধ জানানো হয়। এছাড়া জেলায় আগত/অবস্থানরত বিদেশি নাগরিকসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠি ও সংখ্যালঘু সম্প্রদায়ের নিরাপদ ও নির্বিঘ্নে জীবনযাপন নিশ্চিতকরণ এবং তাদের সার্বিক নিরাপত্তার বিষয়ে সতর্ক দৃষ্টি রাখতে হবে। জেলার সকল পর্যায়ে গঠিত 'আইন-শৃঙ্খলা' এবং 'সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ' কমিটির সভা নিয়মিতভাবে করে বাস্তবতার নিরিখে সিদ্ধান্ত গ্রহণ এবং তা বাস্তবায়নেরও অনুরোধ জানানো হয়। এছাড়াও সরকারি নির্দেশনা অনুসরণ করে সতর্কতা অবলম্বন পূর্বক জুম্মার নামাজের খুৎবাপূর্ব বয়ানে সম্মানিত ইমামগণ কর্তৃক আল কোরআন ও হাদিসের ব্যাখ্যা সম্বলিত সন্ত্রাস ও জঙ্গিবাদ এবং মাদক বিরোধী বক্তব্য প্রদান অব্যাহত রাখাসহ সম্মানিত ইমামগণকে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান এবং সার্বিক বিষয় তত্ত্বাবধানে জন্য ইসলামিক ফাউন্ডেশনের প্রতি অনুরোধ জানানো হয়।

বিস্তারিতভাবে আলোচনা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১.	আইন-শৃঙ্খলা রক্ষা এবং জঙ্গিবাদ ও নাশকতা প্রতিরোধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ	ক) জেলার সার্বিক আইন-শৃঙ্খলা পরিস্থিতি স্থিতিশীল রাখতে বিশেষ সতর্কতা অবলম্বনসহ নিরাপত্তামূলক ব্যবস্থা গ্রহণের পাশাপাশি আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর টহল, গোয়েন্দা নজরদারি ও তল্লাশী অভিযান অব্যাহত রাখতে হবে। খ) সরকারি নির্দেশনা অনুসরণপূর্বক সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে জুম্মার নামাজের খুৎবা পূর্ব বয়ানে আল কোরআন ও হাদিসের ব্যাখ্যা সম্বলিত সন্ত্রাস ও জঙ্গিবাদ এবং মাদক বিরোধী বক্তব্য প্রদান অব্যাহত রাখতে হবে। এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের নের্তৃত্বে ইসলামিক ফাউন্ডেশন সম্মানিত ইমামগণকে নিয়ে উপজেলা পর্যায়ে সমাবেশ করে প্রয়োজনীয় নির্দেশনা দিবেন এবং সার্বিক বিষয় তত্ত্বাবধান করবেন। গ) সন্ত্রাস ও জঙ্গিবাদ প্রতিরোধে স্থানীয় জনগণের সম্পৃক্ততা বৃদ্ধি করে সচেতনতামূলক কার্যক্রম অব্যাহত রাখতে হবে।	১) পুলিশ সুপার,জয়পুরহাট ২) অধিনায়ক, ২০ বিজিবি, জয়পুরহাট ৩) উপ-পরিচালক, স্থানীয় সরকার জয়পুরহাট ৪) কোম্পানি অধিনায়ক, র‌্যাব ক্যাম্প জয়পুরহাট ৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৬) জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি ৭) উপ-পরিচালক, এনএসআই ৮) উপ-পরিচালক,ইসলামিক ফাউন্ডেশন
২	সংখ্যালঘু সম্প্রদায় ও বিদেশি নাগরিকদের নিরাপত্তা	জেলায় আগত/অবস্থানরত বিদেশী নাগরিকসহ ক্ষুদ্র নৃ-গোষ্ঠি ও সংখ্যালঘু সম্প্রদায়ের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর নজরদারি অব্যাহত রাখার পাশাপাশি তাদেরকে সতর্কতার সাথে চলাচলের পরামর্শ দিতে হবে।	১) পুলিশ সুপার, জয়পুরহাট ২)কোম্পানি অধিনায়ক, র‌্যাব ক্যাম্প ৩)উপজেলা নির্বাহী অফিসার (সকল) ৪)উপ-পরিচালক,এনএসআই,জয়পুরহাট ৫) অফিসার ইনচার্জ, সকল থানা

চলমান পাতা-০২

ক্রম	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নে
৩.	সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটির সভাকরণ	ক) সকল পর্যায়ে গঠিত ''সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধ কমিটি''-এর কার্যক্রম সক্রিয় রাখাসহ নিয়মিত মাসিক সভা করতে হবে। গ) উপজেলা নির্বাহী অফিসারগণ প্রয়োজনীয় নির্দেশনা প্রদানসহ উপজেলা, পৌরসভা, ইউনিয়ন ও ওয়ার্ড পর্যায়ের কমিটির সার্বিক কার্যক্রম মনিটরিং করবেন।	১) পুলিশ সুপার, জয়পুরহাট ২) উপ-পরিচালক, স্থানীয় সরকার ৩) বিজ্ঞ অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট ৪) মেয়র, পৌরসভা (সকল) ৫) উপজেলা নির্বাহী অফিসার (সকল)

আর কোন আলোচনা না থাকায় সন্ত্রাস ও নাশকতা প্রতিরোধে সকলের সম্মিলিত ও আন্তরিক সহযোগিতা কামনা করে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

(মোহাম্মদ জাকির হোসেন)
জেলা প্রশাসক
জয়পুরহাট
ফোন: (+৮৮)০৫৭১-৬২২০৮
dcjoypurhat@mopa.gov.bd

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, জয়পুরহাট
(জুডিসিয়াল মুন্সিখানা শাখা)
www.joypurhat.gov.bd

নম্বর: ০৫.৪৩.৩৮০০.০২৬.০৬.০১৬.১৯- ৮৭৭ তারিখ: ৫ /০৭/২০১৯ খ্রি.

সদয় অবগতির নিমিত্ত অনুলিপি প্রেরণ করা হলো:

০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা।
০২। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা ও সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।

অনুলিপি অবগতি/কার্যার্থে :

০৫। ....
....
....

০৪/০৭/১৯

(সাদেকুর রহমান)
অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট
জয়পুরহাট
ফোন: (+৮৮)০৫৭১-৬২২৫২